দৈনিক বাংলা
তারিখ 06 MAR 1989
পৃষ্ঠা 1 কলাম 4

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

04

# শিশুদের প্রতিভা বিকাশে ব্যবস্থা নিতে হবে : রওশন

ফার্স্ট লেডী বেগম রওশন এরশাদ শিশুদের উপযুক্তভাবে লালন-পালনের জন্য সমন্বিত ব্যবস্থার আহবান জানিয়েছেন। খবর বাসস'র।

তিনি বলেন, শিশুরা ভবিষ্য-

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)




বাংলাদেশ শিশু একাডেমীতে জাতীয় শিশু পুরস্কার প্রতিযোগিতা '৮৯-এর বিজয়ী শিশু দের সঙ্গে ফার্স্ট লেডী বেগম রওশন এরশাদকে দেখা যাচ্ছে

## রওশন

( ১ম পৃঃ পর )

তের নেতা। সেজন্য তাদের প্রতিভা বিকাশে সব ব্যবস্থা করতে হবে।

ফার্স্ট লেডী রোববার ঢাকায় শিশু একাডেমী মিলনায়তনে জাতীয় শিশু প্রতিযোগিতা '৮৯-এর পুরস্কার বিতরণী অনুষ্ঠানে ভাষণ দিচ্ছিলেন।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে সমাজকল্যাণ ও মহিলা বিষয়ক মন্ত্রী রেজোয়ানুল হক চৌধুরী এবং সমাজকল্যাণ ও মহিলা বিষয়ক প্রতিমন্ত্রী টি এম গিয়াসউদ্দিন উপস্থিত ছিলেন। শিশু একাডেমীর পরিচালক গোলাম কিবরিয়াও এ উপলক্ষে বক্তৃতা করেন।

বেগম রওশন এরশাদ বলেন, শিশুদের মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ করতে হবে। এ উদ্দেশ্যে শিশু একাডেমী বিভিন্ন কর্মসূচী নিয়েছে।

তিনি বলেন, সরকার জেলা-উপজেলা পর্যায়ে শিশু একাডেমী স্থাপন করছেন।

ফার্স্ট লেডী বলেন, স্বাস্থ্যবতী মা ও শিশু সমৃদ্ধির প্রতীক।

বেগম রওশন এরশাদের উদ্যোগে এই বছর এই প্রতিযোগিতায় বিষয়ের সংখ্যা ৫০টি থেকে ৬৬টিতে বৃদ্ধি করায় অনেক শিশু এতে অংশ নিতে পেরেছে।

পরে, বেগম রওশন এরশাদ বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।

সবশেষে পরিবেশিত হয় সাংস্কৃতিক অনুষ্ঠান।